# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
## বাংলাদেশ, ঢাকা।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং ৩৭.০২.০০০০.১০১.১১.০০২.১৯-১৯২২৮ তারিখ ঃ ২২/১০/২০২০

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও এর আওতাধীন অফিস/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্য রাজস্বখাতে শূন্যপদের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত পদসমূহ পূরণের লক্ষ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রঃ নং | পদের নাম ও বেতন গ্রেড | পদ কোড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সব জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | প্রদর্শক (পদার্থ), গ্রেড-১০ | ৩০১ | ১০৯ | সংশ্লিষ্ট বিষয়সহ ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি বা স্নাতকোত্তর ডিগ্রি | সকল জেলা |
| ০২ | প্রদর্শক (রসায়ন), গ্রেড-১০ | ৩০২ | ১২০ | | |
| ০৩ | প্রদর্শক (জীববিজ্ঞান), গ্রেড-১০ | ৩০৩ | ৩১ | | |
| ০৪ | প্রদর্শক (প্রাণিবিদ্যা), গ্রেড-১০ | ৩০৪ | ১০৯ | | |
| ০৫ | প্রদর্শক (উদ্ভিদবিদ্যা), গ্রেড-১০ | ৩০৫ | ৯৬ | | |
| ০৬ | প্রদর্শক (ভূগোল), গ্রেড-১০ | ৩০৬ | ১৩ | | |
| ০৭ | প্রদর্শক (মৃত্তিকাবিজ্ঞান), গ্রেড-১০ | ৩০৭ | ০৫ | | |
| ০৮ | প্রদর্শক (গণিত), গ্রেড-১০ | ৩০৮ | ২২ | | |
| ০৯ | প্রদর্শক (গার্হস্থ্য), গ্রেড-১০ | ৩০৯ | ০৮ | | |
| ১০ | প্রদর্শক (কৃষি), গ্রেড-১০ | ৩১০ | ০১ | | |
| ১১ | গবেষণা সহকারী (কলেজ), গ্রেড-১০ | ৩১১ | ২১ | শিক্ষায় দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি অথবা ডিপ্লোমাসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা শিক্ষায় দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি | |
| ১২ | সহকারী গ্রন্থাগারিক কাম ক্যাটালগার, গ্রেড-১০ | ৩১২ | ৬৯ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞানে ২য় শ্রেণির ডিপ্লোমা/ডিগ্রি | |
| ১৩ | ল্যাবরেটরি সহকারী, গ্রেড-১০ | ৩১৩ | ০৬ | সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি | |
| ১৪ | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, গ্রেড-১৩ | ৩১৪ | ০৫ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; (গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি ৮০(ইংরেজি) এবং ৫০ (বাংলা) (ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি ৩০ (ইংরেজি) ও ২৫(বাংলা)। | |
| ১৫ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, গ্রেড-১৪ | ৩১৫ | ০৪ | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; (গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি ৭০ (ইংরেজি) এবং ৪৫ (বাংলা) (ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি ৩০ (ইংরেজি) ও ২৫ (বাংলা)। | গাজীপুর, মাদারীপুর, ময়মনসিংহ, নেত্রকোনা, চাঁদপুর, পাবনা, নওগাঁ, রংপুর, নীলফামারী, বরিশাল, সুনামগঞ্জ ব্যতীত অন্যান্য জেলা। |
| ১৬ | উচ্চমান সহকারী, গ্রেড- ১৪ | ৩১৬ | ৮৫ | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি ৩০ (ইংরেজি) ও ২৫ (বাংলা)। | মানিকগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, ফেনী, শরীয়তপুর, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙামাটি, জয়পুরহাট, নড়াইল, ঝালকাঠি ব্যতীত অন্যান্য জেলা। |
| ১৭ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, গ্রেড-১৬ | ৩১৭ | ৫১৩ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে এইচ.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি ২০ (ইংরেজি) ও ২০ (বাংলা)। | ফরিদপুর, বান্দরবান, ঝালকাঠি ব্যতীত অন্যান্য সকল জেলা। |
| ১৮ | ক্যাশিয়ার/স্টোর কিপার, গ্রেড-১৬ | ৩১৮ | ৩৪ | এইচ.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ | ফরিদপুর, গোপালগঞ্জ, নেত্রকোনা, লালমনিরহাট, চাঁপাইনবাবগঞ্জ, নড়াইল, কুষ্টিয়া, মানিকগঞ্জ, ব্যতীত অন্যান্য জেলা। |
| ১৯ | হিসাব সহকারী, গ্রেড-১৬ | ৩১৯ | ১০৬ | বাণিজ্য বিভাগে এইচ.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ | খাগড়াছড়ি, রাঙামাটি, ঝালকাঠি ব্যতীত অন্যান্য জেলা। |
| ২০ | ক্যাশিয়ার, গ্রেড-১৬ | ৩২০ | ৮৫ | বাণিজ্য বিভাগে এইচ.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ | চাঁপাইনবাবগঞ্জ, লালমনিরহাট, মেহেরপুর ব্যতীত অন্যান্য জেলা |
| ২১ | স্টোর কিপার, গ্রেড-১৬ | ৩২১ | ৫০ | এইচ.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ | রাজবাড়ী, শেরপুর, রংপুর, গাইবান্ধা, যশোর, পঞ্চগড়, মেহেরপুর, বরগুনা, গোপালগঞ্জ, ব্যতীত অন্যান্য জেলা। |
| ২২ | মেকানিক কাম ইলেকট্রিশিয়ান, গ্রেড-১৬ | ৩২২ | ৩৩ | এস.এস.সি/সমমানসহ স্বীকৃত প্রতিষ্ঠান হতে "বি" গ্রুপে ট্রেড কোর্সের সার্টিফিকেট। | গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, জামালপুর, কুমিল্লা, বান্দরবান, চাঁদপুর, খাগড়াছড়ি, রাঙামাটি, রাজশাহী, নাটোর, রংপুর, খুলনা, যশোর, মাগুরা, নড়াইল, কুষ্টিয়া, বাগেরহাট, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, হবিগঞ্জ ব্যতীত অন্যান্য জেলা। |
| ২৩ | গাড়ী চালক, গ্রেড-১৬ | ৩২৩ | ১১ | অষ্টম শ্রেণি/সমমান পাস এবং হালকা ও ভারী যানবাহন চালনার বৈধ লাইসেন্সপ্রাপ্ত। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর অগ্রাধিকার। | মানিকগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, ময়মনসিংহ, শেরপুর, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষ্মীপুর, পাবনা, খুলনা, লালমনিরহাট, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, কুষ্টিয়া, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী ব্যতীত অন্যান্য জেলা। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২৪ | বুক সর্টার, গ্রেড-১৯ | ৩২৪ | ৪৬ | এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ গ্রন্থাগারিক সমিতির সার্টিফিকেটপ্রাপ্ত অভিজ্ঞদের অগ্রাধিকার। | নরসিংদী, ফরিদপুর, মাদারীপুর, বান্দরবান, কুমিল্লা, খাগড়াছড়ি, রাঙামাটি, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, বগুড়া, রংপুর, নীলফামারী, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বাগেরহাট, কুষ্টিয়া, মেহেরপুর, পিরোজপুর, পটুয়াখালী ব্যতীত অন্যান্য জেলা। |
| ২৫ | অফিস সহায়ক, গ্রেড-২০ | ৩২৫ | ১৯৩২ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ফরিদপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, নড়াইল, মেহেরপুর ব্যতীত অন্যান্য জেলা। |
| ২৬ | নিরাপত্তা প্রহরী, গ্রেড-২০ | ৩২৬ | ২৫৫ | অষ্টম শ্রেণি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ | মানিকগঞ্জ, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙামাটি, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ, খুলনা, ঝিনাইদহ ব্যতীত অন্যান্য জেলা। |
| ২৭ | মালী, গ্রেড-২০ | ৩২৭ | ১০০ | অষ্টম শ্রেণি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ; পেশাগত অভিজ্ঞতা এবং সুস্বাস্থ্যের অধিকারী। | মুন্সীগঞ্জ, বান্দরবান, খাগড়াছড়ি, ঝালকাঠি ব্যতীত অন্যান্য জেলা |
| ২৮ | পরিচ্ছন্নতাকর্মী, গ্রেড-২০ | ৩২৮ | ১৬৩ | পঞ্চম শ্রেণি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ | ফরিদপুর, গোপালগঞ্জ, বান্দরবান, ফেনী, জয়পুরহাট, পঞ্চগড়, খুলনা, নড়াইল, মেহেরপুর, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী ব্যতীত অন্যান্য জেলা। |

২. মুক্তিযোদ্ধা কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

৩. আবেদন করার নিয়মাবলি:
অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমা প্রদান শুরুর তারিখ ০১/১১/২০২০ খ্রিঃ ও শেষ তারিখ ৩০/১১/২০২০ খ্রিঃ। উল্লিখিত সময়সীমার মধ্যে আবেদনপত্র দাখিলের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে হবে।

৪. অনলাইন আবেদন ফরম পূরণের নিয়মাবলি:

৪.১ প্রার্থীকে Teletalk Bangladesh Ltd. এর Web address লিংক http://dshe.teletalk.com.bd অথবা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের Web address (www.dshe.gov.bd) এর মাধ্যমে নির্ধারিত আবেদনপত্র পূরণ করে Online Registration কার্যক্রম এবং ফি জমা প্রদান করতে হবে। উল্লিখিত ওয়েবসাইট ওপেন করলে Advertisement, Instructions for Submitting Application এবং ২৮ ক্যাটাগরীর পদের জন্য নির্ধারিত Application Form (আবেদন ফরম) এর রেডিও বাটন দেখা যাবে। Advertisement এর রেডিও বাটন ক্লিক করলে বিজ্ঞাপন পাওয়া যাবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের Web address এ (www.dshe.gov.bd) আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনা দেয়া আছে। ফর্ম পূরণের পূর্বে প্রার্থী Instruction অংশটি download করবেন। প্রতিটি নির্দেশনা অনুসরণ করে Application Form এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য/নির্দেশনা অনুযায়ী Form পূরণ করতে হবে। উল্লেখ্য লাল তারকা চিহ্নিত Fieldসমূহ অবশ্যই পূরণ করতে হবে;

৪.২ ছবি (Photo) ঃ আবেদন ফরম সঠিকভাবে পূরণ সম্পন্ন হলে Preview দেখা যাবে। Preview এর নির্ধারিত স্থানে প্রার্থীকে নির্দিষ্ট মাপের নিজের রঙিন ছবি Upload করতে হবে। সাদা কালো ছবি গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য, ছবির আয়তন হবে দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel কোনভাবেই এর কম বা বেশী নয় এবং File size হবে সর্বোচ্চ ১০০ KB। সাইড ভিউ/সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home Page এর Help menuতে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে;

৪.৩ স্বাক্ষর (Signature) ঃ Application Previewতে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে নিজের স্বাক্ষর Scan করে Upload করতে হবে। উল্লেখ্য, স্বাক্ষরের আয়তন হবে দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel কোনভাবেই এর কম বা বেশী নয় এবং File size হতে হবে সর্বোচ্চ ৬০ KB;

৪.৪ ঘোষণা (Declaration) ঃ প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন অনিয়মের আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং ভবিষ্যতে DSHE কর্তৃক তার বিরুদ্ধে যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪.৫ SMS পাঠানো ও পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলি:
Online এ Application Form যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশনা অনুযায়ী ছবি এবং Signature Upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেনদ submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User IDসহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবে। উক্ত Applicant's copy প্রার্থীকে প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করতে হবে। Applicant's কপিতে একটি User ID দেয়া থাকবে এবং এই User ID ব্যবহার করে Teletalk Bangladesh Ltd. কর্তৃক SMS এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা অনুসারে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে SMS করে পরীক্ষার ফি নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক ১ থেকে ২২ পর্যন্ত পদের জন্য ১০০ টাকা + Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২ টাকাসহ সর্বমোট ১১২ টাকা এবং ক্রমিক ২৩ থেকে ২৮ পর্যন্ত পদের জন্য ৫০ টাকা + Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬ টাকাসহ সর্বমোট ৫৬ টাকা জমা দিতে হবে।

প্রথম SMS ঃ DSHE<space>User ID লিখে Send করুন 16222 নম্বরে। Example : DSHE PQBCR

Reply : Applicant's Name, TK-112 or TK-56 will be charged as application fee. Your PIN is (8 digit number)12345678.

To pay fee (পরীক্ষার ফি জমা) ঃ Type DSHE <Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS ঃ DSHE <Space>Yes<Space>PIN লিখে send করুন 16222 Example|: DSHE YES 12345678

Reply : Congratulations! Applicant's Name, payment completed successfully for DSHE Application for demonstrator (post name). User ID: (xxxxxx) and Password: (xxxxxx).

* **"আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র কোন অবস্থাতেই গ্রহণ করা হবে না"।**

৪.৬ প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dshe.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। এই Admit Card (প্রবেশপত্র)টি লিখিত ও মৌখিক পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে। Online এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

৪.৭ পাসওয়ার্ড মুছে গেলে বা হারিয়ে গেলে ঃ
(i) মাধ্যমিক ও তদুর্দ্ধ পাস প্রার্থীদের ক্ষেত্রে : মোবাইলের ম্যাসেজ অপশনে গিয়ে টাইপ করুন DSHE<Space>HELP<Space>SSC Board<Space>SSC Roll <Space> SSC Year and sent to 16222;

(ii) অষ্টম শ্রেণি পাস প্রার্থীদের ক্ষেত্রে ঃ মোবাইলের ম্যাসেজ অপশনে গিয়ে টাইপ করুন DSHE<Space>HELP<Space>JSC <Space>CONTACT MOBILE NUMBER<Space>POST CODE & SEND TO 16222;

(iii) পঞ্চম শ্রেণি পাস প্রার্থীদের ক্ষেত্রে ঃ মোবাইলের ম্যাসেজ অপশনে গিয়ে টাইপ করুন DSHE<Space>HELP<Space>DPE<Space>CONTACT MOBILE NUMBER<Space>POST CODE & SEND TO 16222.

৫. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত সকল বিজ্ঞপ্তি প্রার্থীর মোবাইলে টেলিটক কর্তৃক SMS ও মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।

৬. মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীকে রোল নম্বরসহ অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের এক কপি প্রিন্ট, সকল সনদের ফটোকপি ও ০২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত), বয়স প্রমাণের জন্য এসএসসি সনদ (১-২২ নং পদের জন্য), জন্মনিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি (২৩ - ২৮ নং পদের জন্য), শুধু প্রদর্শক পদের আবেদনকারীদের স্নাতক ও স্নাতকোত্তর পাশের একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে। উল্লেখ্য, খামের উপর পদের নাম, নিজ জেলা, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও রোল নম্বর অবশ্যই লিখতে হবে।

৭. প্রার্থী কোন সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে চাকুরিরত হলে তাকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

৮. প্রার্থীর বয়স ০১/১১/২০২০ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) এবং ২৫/০৩/২০২০ তারিখে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে, তবে প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী ও অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদসমূহের জন্য বয়সসীমা ৪০ বছর এবং অন্যান্য পদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স সংক্রান্ত কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। প্রার্থীদের বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৯. প্রার্থীকে বাছাই পরীক্ষা/সাক্ষাতকারে অংশগ্রহণের জন্য কোনপ্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

১১. কর্তৃপক্ষ পদসমূহের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ ও পদায়নের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

১২. পরিচ্ছন্নতাকর্মী পদে জাত হরিজনদের জন্য সরকারি বিধি মোতাবেক ৮০% কোটা সংরক্ষণ করা হবে।

১৩. মামলার কারণে নির্দিষ্ট সংখ্যক পদ সংরক্ষিত রয়েছে।

১৪. নিম্নোক্ত সার্টিফিকেট ও কাগজপত্র মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে অন্যথায় প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে :

১৪.১ প্রথম শ্রেণির গেজেটেড অফিসার অথবা সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এর নিকট থেকে প্রাপ্ত চারিত্রিক সনদ।

১৪.২ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হিসেবে চাকুরি প্রার্থীকে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধার সার্টিফিকেট (যা যথাযথভবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) এর মূল কপি।

১৪.৩ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হিসেবে চাকুরি প্রার্থীকে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধার সনদপত্র যা মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদের মূলকপি।

১৪.৪ আবেদনকারী মহিলা মুক্তিযোদ্ধার সন্তান হলে এ মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের মূলকপি।

১৪.৫ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হিসেবে চাকুরি প্রার্থীকে তাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে)-এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) এর মূল কপি।

১৪.৬ আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের মূলকপি;

১৪.৭ মুজিবনগর কর্মচারীদের সন্তান হিসেবে চাকুরি প্রার্থীকে পিতা/মাতার মুজিবনগর কর্মচারী হিসেবে চাকুরির নিয়োগপত্র এবং এ সম্পর্কিত প্রামাণিক কাগজপত্রের মূলকপি।

১৪.৮ শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্রের এবং প্রয়োজনে স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষার নম্বরপত্রের মূলকপি।

১৪.৯ উপজাতি ও আদিবাসী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ এর মূলকপি।

১৪.১০ এতিমখানা নিবাসী/শারীরিক প্রতিবন্ধী/আনসার ও ভিডিপি কোটার প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট যথাযথ প্রতিষ্ঠান/কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ (সনদ প্রদানকারীর পদমর্যাদা কমপক্ষে উপপরিচালক/জেলা এ্যাডজুটেন্ট পর্যায়ের হতে হবে) এর মূলকপি।

১৪.১১ প্রার্থীর নিজ জেলার পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ব সনদের মূলকপি। প্রার্থীর নাগরিকত্ব সনদ অন্য কোন জেলার পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত হলে তা বাতিল বলে গণ্য হবে।

১৪.১২ চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র প্রদর্শন করতে হবে।

১৪.১৩ জন্মনিবন্ধন সনদ ও ভোটার আইডি কার্ডের ফটোকপি।

উল্লেখ্য, মৌখিক পরীক্ষার সময় অনলাইন-এ প্রদত্ত তথ্যের গরমিল লক্ষ্য করা গেলে প্রার্থীতা বাতিল হবে।

22/১০/2020

প্রফেসর ড. সৈয়দ মোঃ গোলাম ফারুক
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।